



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট নং# ২৩-২৬, রোড নং# ৪৬, গুলশান সেন্টার পয়েন্ট, গুলশান-২, ঢাকা-১২১২

www.dncc.gov.bd

সরকারী কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

Governance Performance Monitoring System (GPMS)

অর্থবছর: ২০২৬-২৭

সূচীপত্র

ক্রম	বিষয়	পৃষ্ঠা নং
০১	সেকশন-১: ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা	০৩ হতে ০৬
০২	সেকশন-২: ২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা	০৭ হতে ০৮
০৩	সেকশন-৩: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কৌশলগত বিষয়সমূহ সংক্রান্ত প্রতিবেদন	০৯ হতে ১০
০৪	সংযোজনী-১: শব্দসংক্ষেপ	১১
০৫	সংযোজনী-২: বিস্তারিত পরিকল্পনা	১২ হতে ১৪
০৬	সংযোজনী-৩: কর্মসম্পাদনের প্রমাণক	১৫
০৭	সংযোজনী-৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ	১৬

সেকশন ১

ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা

১.৪.১ ভিশন: জনঅংশগ্রহণে একটি টেকসই, আধুনিক, নিরাপদ ও স্মার্ট ঢাকা উত্তর সিটি কর্পোরেশন গড়ে তোলা।

১.৪.২ মিশন: উন্নত বর্জ্য ব্যবস্থাপনা, আধুনিক অবকাঠামো, ডিজিটাল নাগরিক সেবা এবং জনস্বাস্থ্য নিশ্চিতকরণের মাধ্যমে নগরবাসীর জীবনযাত্রার মানোন্নয়ন।

১.৪.৩ ৩ বছর মেয়াদি পরিকল্পনা:

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩ বছর মেয়াদি পরিকল্পনার ছক:

ক্রমিক	পরিকল্পনা	বছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১	মশক নিধন কার্যক্রম	ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে ডিএনসিসি-র ১০টি অঞ্চলের ৫৪টি ওয়ার্ডের সর্বত্র আধুনিক লার্ভিসাইডিং ও ফগিং-এর মাধ্যমে ১০০% কভারেজ।	জনস্বাস্থ্য সুরক্ষায় স্বয়ংক্রিয় ও ডোনের মাধ্যমে খালের মশার উৎপত্তিস্থল ধ্বংস করে ৫৪টি ওয়ার্ডেই বছরব্যাপী মশক নিধন কার্যক্রম ১০০% বজায় রাখা।	সমন্বিত মশক ব্যবস্থাপনা টিমের মাধ্যমে মনিটর করে ১০টি অঞ্চলের ৫৪টি ওয়ার্ডেই নিখুঁতভাবে মশক নিধন কার্যক্রম ১০০% সফল করা।
২	লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা	ডিএনসিসি এলাকার নাগরিকদের মৃত্যুর পর দাফন/দাহ প্রক্রিয়া সহজ করতে ৫,০০০ জন মৃত ব্যক্তির জন্য ডিজিটাল ও ওয়ানস্টপ সার্ভিস নিশ্চিতকরণ।	কবরস্থান ও শ্মশানঘাটের ডিজিটাল অটোমেশন ও দ্রুত সনদের মাধ্যমে ৫,২০০ জন নাগরিককে সম্মানজনক শেষ বিদায়ের সেবা প্রদান।	সেবার মান আধুনিকায়ন করে ২৪/৭ হটলাইনের মাধ্যমে ৫,৫০০ জন নাগরিকের লাশ দাফন ও দাহ সংক্রান্ত ধর্মীয় ও দাপ্তরিক সেবা প্রদান।
৩	কমিউনিটি সেন্টার সংক্রান্ত সেবা	সামাজিক অনুষ্ঠান ও সভার জন্য ডিএনসিসি-র আধুনিক ও পরিচ্ছন্ন কমিউনিটি সেন্টারসমূহে ৫০০টি সামাজিক অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার লজিস্টিক সেবা প্রদান।	নাগরিকদের শাস্রয়ী মূল্যে সুন্দর অনুষ্ঠান আয়োজনের সুযোগ দিতে ৫৫০টি সামাজিক অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার লজিস্টিক সেবা প্রদান।	সেবা সহজীকরণের অংশ হিসেবে ডিএনসিসি-র সকল সচল কমিউনিটি সেন্টারে মোট ৬০০টি অনুষ্ঠানের সুষ্ঠু বুকিং ও উন্নত সেবা নিশ্চিতকরণ।
৪	হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার	অনলাইন পেমেন্ট গেটওয়ে সহজীকরণ ও স্পট অ্যাসেসমেন্টের মাধ্যমে করের পরিধি বাড়িয়ে প্রথম বছরে ৬৮০ কোটি টাকা হোল্ডিং ট্যাক্স আদায়।	রাজস্ব বিভাগের মনিটরিং ও বকেয়া ট্যাক্স আদায়ের বিশেষ প্রোগ্রামের মাধ্যমে ৭৪০ কোটি টাকা রাজস্ব কর আদায়ের লক্ষ্য অর্জন।	১০০% ডিজিটাল ট্যাক্সেশন ও নাগরিকদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে কর ফাঁকি রোধ করে মোট ৮০০ কোটি টাকা হোল্ডিং ট্যাক্স আদায়।
৫	হোল্ডিং ডাটাবেজ হালনাগাদ ও নতুন হোল্ডিং অন্তর্ভুক্তি	জিআইএস ম্যাপিং ও ডোন সার্ভের সহায়তায় ডাটাবেজ আপডেট নিশ্চিতপূর্বক ১০,০০০টি নতুন হোল্ডিংকে করের আওতায় অন্তর্ভুক্তকরণ।	ডিজিটাল ডাটাবেজের পরিধি বাড়িয়ে আরও ১৫,০০০টি নতুন আবাসিক / বাণিজ্যিক হোল্ডিং তালিকাভুক্তকরণ।	ডিএনসিসি এলাকার হোল্ডিং ডাটাবেজ হালনাগাদসহ ২৫,০০০টি নতুন হোল্ডিং সফলভাবে অন্তর্ভুক্তকরণ।
৬	ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন ফি আদায়	সম্পূর্ণ অটোমেটেড ই-ট্রেড লাইসেন্স সিস্টেমের মাধ্যমে দ্রুত ও সহজ পদ্ধতিতে ১০৫ কোটি টাকা লাইসেন্স ও নবায়ন ফি আদায়।	ব্যবসায়ীদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে ও পরিদর্শন টিমের সক্রিয়তায় ১১০ কোটি টাকা ট্রেড লাইসেন্স রাজস্ব আয় নিশ্চিতকরণ।	অনলাইনে সহজে ফি পরিশোধ ও নতুন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্সের আওতায় এনে মোট ১১৫ কোটি টাকা ফি আদায়।

ক্রমিক	পরিকল্পনা	বহরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
৭	সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণ	প্রশাসনিক ও কারিগরি সক্ষমতা বাড়াতে এবং নাগরিক সেবা ত্বরান্বিত করতে প্রথম ধাপে ৫০টি শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ।	বিভিন্ন বিভাগের শূন্যতা দূরীকরণে বিধি মোতাবেক মন্ত্রণালয়ের ছাড়পত্র সাপেক্ষে ৭৫ জন যোগ্য জনবল নিয়োগ ও পদায়ন।	ডিএনসিসি-র সাংগঠনিক কাঠামো শক্তিশালী করতে টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল সেক্টরে মোট ১০০ জন শূন্য পদের জনবল পূরণ নিশ্চিতকরণ।
৮	QRT টিম গঠন	জরুরি পরিচ্ছন্নতা, মশক নিয়ন্ত্রণ ও নাগরিক দুর্যোগে তাৎক্ষণিক সাড়াদানের জন্য আধুনিক যন্ত্রপাতিসহ ২০টি QRT টিম গঠন।	জরুরি নাগরিক সমস্যার দ্রুত সমাধানে এবং সেবার ধারাবাহিকতা রক্ষায় ২০টি দক্ষ ও সুসজ্জিত QRT টিম সক্রিয় রাখা।	কার্যকারিতা ও কাঠামোগত পুনর্বিন্যাসের মাধ্যমে ১৪টি অত্যন্ত শক্তিশালী ও মেগা QRT টিম গঠন করে সার্বক্ষণিক আপদকালীন সেবা সচল রাখা।
৯	পরিচ্ছন্নতা কর্মীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণ	কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে প্রথম পর্যায়ে পাইলট প্রজেক্ট হিসেবে ১০টি ওয়ার্ডের সকল পরিচ্ছন্নতা কর্মীর বায়োমেট্রিক হাজিরা চালু।	ডিজিটাল মনিটরিং ব্যবস্থার সম্প্রসারণ ঘটিয়ে মোট ১৫টি ওয়ার্ডের পরিচ্ছন্নতা কর্মীদের বায়োমেট্রিক উপস্থিতি শতভাগ নিশ্চিতকরণ।	ডিএনসিসি-র পরিচ্ছন্নতা বিভাগের আধুনিকায়নে মোট ২০টি ওয়ার্ডের সকল পরিচ্ছন্নতা কর্মীকে ডিজিটাল ও বায়োমেট্রিক হাজিরা ট্র্যাকিং-এর আওতায় আনা।
১০	কর্মকর্তা/কর্মচারীদের বেসিক কম্পিউটার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।	দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিএনসিসি'র ১০০ জন কর্মকর্তা/কর্মচারীকে বেসিক কম্পিউটার সংক্রান্ত টার্গেটেড প্রশিক্ষণ প্রদান।	সেবার মান সচল রাখতে ডিএনসিসি'র ১২০ জন কর্মকর্তা/কর্মচারীকে আধুনিক কম্পিউটার ও ডি-নথি সংক্রান্ত উন্নত প্রশিক্ষণ প্রদান।	প্রশাসনিক গতিশীলতা বৃদ্ধিতে ১৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে কম্পিউটার চালনা ও দাপ্তরিক অ্যাপ্লিকেশনের উন্নত প্রশিক্ষণ প্রদান।
১১	সাইবার সিকিউরিটি, AI ও ডিজিটাল নথি প্রশিক্ষণ/কর্মশালা	তথ্য প্রযুক্তিগত নিরাপত্তা নিশ্চিত ১০০ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে সাইবার সিকিউরিটি অ্যাওয়ারনেস, এআই পরিচিতি ও ডিজিটাল ফাইলিং-এর ওপর বিশেষায়িত কর্মশালা আয়োজন।	ডিজিটাল ট্রান্সফরমেশন বেগবান করতে ১২০ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে উন্নত সাইবার নিরাপত্তা কৌশল ও এআই টুলের বাস্তব ব্যবহারের ওপর অ্যাডভান্সড কর্মশালা আয়োজন।	স্মার্ট সিটি বিনির্মাণে ১৫০ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ এবং ডিজিটাল নথি ব্যবস্থাপনায় বিশেষ কর্মশালা আয়োজন করা হবে।
১২	লিগ্যাল নোটিশ/মামলা নিষ্পত্তি	ডিএনসিসি-র স্বার্থ রক্ষা ও আইনি জটিলতা নিরসনে বিভিন্ন আদালত ও ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার মধ্য থেকে ২০০টি মামলা দ্রুত নিষ্পত্তি।	আইন বিভাগের সক্রিয়তা বৃদ্ধির মাধ্যমে ডিএনসিসি-র পক্ষে দক্ষ আইনি লড়াই পরিচালনা করে ২৫০টি মামলা ও লিগ্যাল নোটিশ নিষ্পত্তি।	সংস্থার সম্পদ রক্ষা ও রাজস্ব আদায়ের পথে বাধা দূর করতে সর্বমোট ৩০০টি গুরুত্বপূর্ণ মামলা ও আইনি নোটিশের চূড়ান্ত নিষ্পত্তি নিশ্চিতকরণ।
১৩	আইনগত মতামত প্রদান	বিভিন্ন চুক্তি, টেন্ডার ও প্রশাসনিক বিষয়ে স্বচ্ছতা নিশ্চিত আইন বিভাগ কর্তৃক ৩০০টি বিষয়ে দ্রুত ও নিখুঁত আইনগত মতামত/ভেটিং প্রদান।	ডিএনসিসি-র দৈনন্দিন দাপ্তরিক ও উন্নয়ন কার্যক্রম আইনি জটিলতামুক্ত রাখতে ৩৫০টি গুরুত্বপূর্ণ নথিতে সমন্বয়যোগ্য আইনি মতামত প্রদান।	সংস্থার সার্বিক আইনি সুরক্ষা ও নীতিনির্ধারণী বিষয়ে নির্ভুল সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে ৪০০টি ফাইলের ওপর আইনগত মতামত সম্পন্নকরণ।
১৪	ডিজিটাল কেস ম্যানেজমেন্ট বাস্তবায়ন	মামলার ট্র্যাকিং ও নথিপত্র সংরক্ষণের জন্য ডিজিটাল কেস ম্যানেজমেন্ট সিস্টেমের সফটওয়্যারে প্রথম বছরে ২০০টি মামলা ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ।	ডিজিটাল আইনি সেবার পরিধি বাড়িয়ে ২৫০টি মামলার ডিজিটাল আরকাইভ নিশ্চিতকরণ।	আইন বিভাগের সম্পূর্ণ ডিজিটাইজেশন অর্জনে মোট ৩০০টি মামলার পুরো প্রোফাইল ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় সচলকরণ।
১৫	রাস্তা নির্মাণ/মেরামত	যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে টেকসই আরসিসি ও বিটুমিনাস পদ্ধতিতে মহানগরীর বিভিন্ন ওয়ার্ডে ১৪৫ কি.মি. সড়ক নতুন নির্মাণ ও সুনির্দিষ্ট সংস্কার করা।	নাগরিক স্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে ডিএনসিসি এলাকার অভ্যন্তরীণ ও সংযোগকারী প্রধান প্রধান সড়কের ১৬০ কি.মি. অংশ পুনর্নির্মাণ ও মেরামত।	উন্নত ট্রাফিক ও যাতায়াত নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে ১৭৫ কি.মি. নগর সড়ক সংস্কার, আধুনিকায়ন ও পিচ ঢালাইয়ের মাধ্যমে চলাচলের উপযোগী রাখা।

ক্রমিক	পরিকল্পনা	বহরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১৬	ড্রেন নির্মান/মেরামত	জলবদ্ধতা দূরীকরণে আধুনিক ড্রেনেজ নেটওয়ার্কের আওতায় ৮০ কি.মি. আরসিসি সারফেস ও ড্রুর্ডস্থ ড্রেন নির্মাণ ও ক্ষতিগ্রস্ত ড্রেন মেরামত।	পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে নতুন সম্প্রসারিত অঞ্চলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় ৯০ কি.মি. ড্রেন নির্মাণ ও সংস্কার কাজ সম্পন্নকরণ।	টেকসই বর্জ্য ও পানি নিষ্কাশন অবকাঠামো নিশ্চিত করতে ১০০ কি.মি. ড্রেনের ধারণক্ষমতা বৃদ্ধি, সংস্কার ও নতুন ড্রেন সংযোগ তৈরি।
১৭	ফুটপাথ নির্মান/মেরামত	পথচারীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে আধুনিক টেকটাইল টাইলস ও প্রতিবন্ধী-বান্ধব র্যাম্পসহ ১৮ কি.মি. ফুটপাথ নির্মাণ / সংস্কার।	হাঁটার পরিবেশ উন্নত ও দখলমুক্ত রাখার উদ্দেশ্যে নগরীর প্রধান সড়কগুলোর পাশে ২০ কি.মি. নতুন ফুটপাথ নির্মাণ ও সুনির্দিষ্ট মেরামত।	পথচারী-বান্ধব স্মার্ট নগরী গড়ে তুলতে পরিবেশবান্ধব ও দৃষ্টিনন্দন ডিজাইনে ২২ কি.মি. ফুটপাথ সংস্কার ও আধুনিকায়ন সম্পন্নকরণ।
১৮	কবরস্থান নির্মান/মেরামত	নাগরিকের শেষ বিদায়ের স্থান সম্মানজনক করতে ১টি প্রধান কবরস্থানের বাউন্ডারি ওয়াল, ওয়াকওয়ে ও আধুনিকায়ন সংস্কার।	ধর্মীয় মর্যাদা ও নাগরিক সুবিধা রক্ষায় ডিএনসিসি এলাকার আরও ১টি নির্দিষ্ট কবরস্থানের মাটি ভরাট, ড্রেনেজ ব্যবস্থা ও জানাজার স্থান সংস্কার।	কবরস্থান ব্যবস্থাপনায় টেকসই উন্নয়ন নিশ্চিত করতে ১টি কবরস্থানের ধারণক্ষমতা বৃদ্ধি, সৌন্দর্যবর্ধন ও আধুনিক সুযোগ-সুবিধার উন্নয়ন।
১৯	শ্মশানঘাট নির্মান/মেরামত	ধর্মীয় রীতিনীতি সূচাবুভাবে পালনের সুবিধার্থে ১টি শ্মশানঘাটের চুল্লি সংস্কার, আধুনিক গ্যাস/বিদ্যুৎ লাইন সংযোগ ও বাউন্ডারি মেরামত।	নাগরিকদের পরিবেশবান্ধব সেবা দিতে ১টি শ্মশানঘাটের আধুনিকায়ন, পানি সরবরাহ নিশ্চিতকরণ ও বিশ্রামাগার পুনর্নির্মাণ।	ডিএনসিসি এলাকার সনাতন ধর্মাবলম্বীদের সুবিধার্থে ১টি প্রধান শ্মশানঘাটের সামগ্রিক অবকাঠামো সংস্কার ও আধুনিকায়ন সম্পন্নকরণ।
২০	সড়কবাতি স্থাপন/মেরামত	রাতের নগরীকে নিরাপদ রাখতে ৬,০০০টি অত্যাধুনিক, শক্তি-সাশ্রয়ী স্মার্ট এলইডি সড়কবাতি স্থাপন ও পোল সংস্কার।	বিদ্যমান আলোর সক্ষমতা বজায় রাখতে এবং নতুন সড়কগুলোতে ৪,০০০টি পরিবেশবান্ধব এলইডি সড়কবাতি স্থাপন ও মেরামত।	স্মার্ট স্ট্রিট লাইটিং সিস্টেমের আওতায় ডিএনসিসি এলাকার অভ্যন্তরীণ গলিপথসমূহে ৪,০০০টি আধুনিক এলইডি বাতি স্থাপন ও অটোমেশন নিশ্চিতকরণ।
২১	পাবলিক টয়লেট নির্মান/মেরামত	পথচারী ও নারীদের জন্য স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করতে ৩টি আধুনিক ও লিঙ্গ-সমতাভিত্তিক পাবলিক টয়লেট নতুন নির্মাণ/ সংস্কার।	ঘনবসতিপূর্ণ ও বাণিজ্যিক এলাকায় নাগরিক সুবিধা বৃদ্ধিতে ৪টি আধুনিক ও প্রতিবন্ধী-বান্ধব পাবলিক টয়লেট স্থাপন ও সুনির্দিষ্ট মেরামত।	ক্লিন সিটি নিশ্চিতকরণে ডিএনসিসি-র বিভিন্ন জনবহুল স্পটে ৪টি পাবলিক টয়লেট নির্মাণ / মেরামত।
২২	পার্ক নির্মান/ মেরামত	সবুজায়ন ও বিনোদনের জন্য নগরীর ২টি প্রধান পার্কের আধুনিকায়ন কার্যক্রম গ্রহণ।	পরিবেশের ভারসাম্য রক্ষায় আরও ২টি কমিউনিটি পার্কের ল্যান্ডস্কেপিং, বসার স্থান উন্নয়ন, সবুজায়ন ও নিরাপত্তা বেটনী নিশ্চিতকরণ।	ডিএনসিসি এলাকার নাগরিকদের শারীরিক ও মানসিক সুস্থতার জন্য ২টি আধুনিক পার্কের সংস্কার, ব্যায়ামাগার জোন ও সৌন্দর্যবর্ধন।
২৩	বৃক্ষরোপন	তাপদাহ হ্রাস ও গ্রিন সিটি গড়তে ডিএনসিসি এলাকায় বিভিন্ন সড়ক, মিডিয়ান ও উন্মুক্ত স্থানে ৫০,০০০টি বৃক্ষ রোপণ ও খাঁচা দিয়ে সংরক্ষণ।	পরিবেশের টেকসই উন্নয়নে এবং ছায়া সুনিবিড় সড়ক গড়ে তুলতে আগামীতে ৫৫,০০০টি ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ ও পরিচর্যা।	নগর বনায়ন ও কার্বন নিঃসরণ হ্রাসের লক্ষ্যে ডিএনসিসি-র সকল অঞ্চলে একযোগে ৬০,০০০টি বৃক্ষ রোপণ কর্মসূচি ও রোপিত বৃক্ষ সংরক্ষণ।
২৪	রোড সুইপারের মাধ্যমে মিডিয়ান পরিষ্কার	বায়ুদূষণ ও ধূলিকণা নিয়ন্ত্রণে আধুনিক যান্ত্রিক রোড সুইপার গাড়ির সাহায্যে প্রধান সড়কসমূহের ৪০ কি.মি. মিডিয়ান ও সড়ক পরিষ্কার।	পরিচ্ছন্নতা কার্যক্রম আধুনিকায়নের অংশ হিসেবে রোড সুইপারের মাধ্যমে কভারেজ এলাকা বৃদ্ধি করে ৫৫ কি.মি. সড়ক নিয়মিত সুইপিং।	স্মার্ট পরিচ্ছন্নতা নিশ্চিত করতে যান্ত্রিক সুইপার গাড়ির রুট শিডিউল বিন্যাস করে মোট ৭০ কি.মি. সড়কের ধুলোবালি ও আবর্জনা স্বয়ংক্রিয়ভাবে পরিষ্কার।

ক্রমিক	পরিকল্পনা	বছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
২৫	পরিবেশ শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম	শিক্ষার্থীদের মাঝে সচেতনতা তৈরিতে ৪৫টি শিক্ষা প্রতিষ্ঠানে বর্জ্য পৃথকীকরণ, প্রাস্টিক বর্জন ও পরিবেশ রক্ষা সংক্রান্ত সচেতনতামূলক সেশন।	নতুন প্রজন্মের মাঝে গ্রিন মাইন্ডসেট গড়তে ৬০টি স্কুলে পরিবেশ বিষয়ক সচেতনতামূলক সেশন।	টেকসই পরিবেশ নিশ্চিতকরণে ডিএনসিসি এলাকার ৭০টি স্কুলে পরিবেশ বিষয়ক সেমিনার, লিফলেট বিতরণ ও সচেতনতামূলক সেশন।।
২৬	গভীর ডেন পরিষ্কার কার্যক্রম	বর্ষা মৌসুমে জলাবদ্ধতার হাত থেকে নগরবাসীকে রক্ষা করতে অত্যাধুনিক সাকার মেশিনের মাধ্যমে ২০০ কি.মি. গভীর ডেন ও বক্স কালভার্ট পরিষ্কার।	পানি প্রবাহের স্বাভাবিক গতি বজায় রাখতে ডিএনসিসি এলাকার অভ্যন্তরীণ ও প্রধান সড়কের ২৫০ কি.মি. গভীর ডেনের স্লাজ ও আবর্জনা অপসারণ।	পরিকল্পিত ডেনেজ ব্যবস্থাপনার অংশ হিসেবে বছরব্যাপী ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে ২৮০ কি.মি. গভীর ডেন ও ভূগর্ভস্থ লাইন পরিষ্কার রাখা।
২৭	খালের পাড়ের বর্জ্য ও ভাসমান আবর্জনা স্লাজ অপসারণ	ডিএনসিসি-র আওতাধীন ১৭টি খালের ভাসমান প্রাস্টিক বর্জ্য, কচুরিপানা ও গভীর স্লাজ আধুনিক লং-বুম এক্সকাভেটর দিয়ে অপসারণ ও পরিষ্কার।	খালের নাব্যতা ঠিক রাখতে ও পানি প্রবাহ সচল করতে ২৭টি খালের পাড়ের আবর্জনা ও ভাসমান বর্জ্য সম্পূর্ণরূপে দূরীকরণ।	পরিবেশ রক্ষা ও জলাবদ্ধতা স্থায়ী নিরসনে ডিএনসিসি এলাকার ৩৫টি খালের তলদেশের কাদা, আবর্জনা ও স্লাজ নিয়মিত যান্ত্রিক পদ্ধতিতে পরিষ্কার রাখা।

সেকশন ২
(২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

কর্মসম্পাদন ক্ষেত্র	ডিএনসিসি'র পরিকল্পনার ক্রমিক	ফলাফল নির্দেশক কার্যক্রম	পরিমাপকের একক	নির্দেশকের মান	প্রকৃত অর্জন (২০২৫-২৬)	লক্ষ্যমাত্রা (২০২৬-২৭)
১	২	৩	৪	৫	৬	৭
[১] সেবা প্রদান (Service Delivery) [মান-২০]	১	[১] মশক নিধন কার্যক্রম	শতকরা হার (গড়)	৩	-	১০০%
	২	[২] লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা	সংখ্যা	৩	-	৫,০০০ জন
	৩	[৩] কমিউনিটি সেন্টার সংক্রান্ত সেবা	সংখ্যা	৩	-	৫০০ টি সামাজিক অনুষ্ঠান
	৪	[৪] হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার	লক্ষ টাকা	৩	-	৬৮০ কোটি
	৫	[৫] হোল্ডিং ডাটাবেজ হালনাগাদ ও নতুন হোল্ডিং অন্তর্ভুক্তি	সংখ্যা	৫	-	১০,০০০ টি
	৬	[৬] ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন ফি আদায়	লক্ষ টাকা	৩	-	১০৫ কোটি
[২] নীতি ও সংস্কার কার্যক্রম (Policy and Reform Activity) [মান-১৩]	৭	[৭] সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদ পূরণ	সংখ্যা	৫	-	৫০টি শূন্য পদ
	৮	[৮] QRT টিম গঠন	সংখ্যা	৩	-	২০টি
	৯	[৯] পরিচ্ছন্নতা কর্মীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণ	সংখ্যা (ওয়ার্ড)	৫	-	১০টি ওয়ার্ডে
[৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency) [মান-১৭]	১০	[১০] কর্মকর্তা/ কর্মচারীদের বেসিক কম্পিউটার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।	সংখ্যা (কর্মকর্তা/কর্মচারী)	৫	-	১০০ জন
	১১	[১১] সাইবার সিকিউরিটি, AI ও ডিজিটাল নথি প্রশিক্ষণ/কর্মশালা	সংখ্যা (কর্মকর্তা/কর্মচারী)	৫	-	১০০ জন
	১২	[১২] লিগ্যাল নোটিশ/ মামলা নিষ্পত্তি	সংখ্যা (মামলা)	২	-	২০০ টি
	১৩	[১৩] আইনগত মতামত প্রদান	সংখ্যা	৩	-	৩০০ টি
	১৪	[১৪] ডিজিটাল কেস ম্যানেজমেন্ট বাস্তবায়ন	সংখ্যা (ডাটাবেজে আপডেট)	২	-	২০০ টি

কর্মসম্পাদন ক্ষেত্র	ডিএনসিসি'র পরিকল্পনার ক্রমিক	ফলাফল নির্দেশক কার্যক্রম	পরিমাপকের একক	নির্দেশকের মান	প্রকৃত অর্জন (২০২৫-২৬)	লক্ষ্যমাত্রা (২০২৬-২৭)
৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related and Other Activities) [মান-৩০]	১৫	[১৫] রাস্তা নির্মান/মেরামত	কি.মি.	৩	-	১৪৫ কি.মি.
	১৬	[১৬] ড্রেন নির্মান/মেরামত	কি.মি.	৩	-	৮০ কি.মি.
	১৭	[১৭] ফুটপাথ নির্মান/মেরামত	কি.মি.	২	-	১৮ কি.মি.
	১৮	[১৮] কবরস্থান নির্মান/মেরামত	সংখ্যা	৩	-	১টি
	১৯	[১৯] শ্মশানঘাট নির্মান/মেরামত	সংখ্যা	৩	-	১টি
	২০	[২০] সড়কবাতি স্থাপন/মেরামত	সংখ্যা	২	-	৬,০০০ টি
	২১	[২১] পাবলিক টয়লেট নির্মান/মেরামত	সংখ্যা	২	-	৩টি
	২২	[২২] পার্ক নির্মান/ মেরামত	সংখ্যা	২	-	২টি
	২৩	[২৩] বৃক্ষরোপন	সংখ্যা	২	-	৫০,০০০ টি
	২৪	[২৪] রোড সুইপারের মাধ্যমে মিডিয়ান পরিষ্কার	কি.মি.	২	-	৪০ কি.মি.
	২৫	[২৫] পরিবেশ শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম	সংখ্যা (শিক্ষা প্রতিষ্ঠান)	২	-	৪৫টি শিক্ষা প্রতিষ্ঠান
	২৬	[২৬] গভীর ড্রেন পরিষ্কার কার্যক্রম	কি.মি.	২	-	২০০ কি.মি.
	২৭	[২৭] খালের পাড়ের বর্জ্য ও ভাসমান আবর্জনা স্লাজ অপসারণ	সংখ্যা (খাল)	২	-	১৭টি খাল

সেকশন ৩

(ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯-এর মাধ্যমে অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে বিভিন্নমুখী কার্যক্রম পরিচালনা করছে। এই আইনের তফসিলে বর্ণিত দায়িত্বসমূহ পালনের মাধ্যমে নগরবাসীর জীবনযাত্রার মানোন্নয়ন এবং নাগরিক সেবা নিশ্চিত করাই ডিএনসিসি-র মূল লক্ষ্য।

১. আইনি ভিত্তি ও প্রশাসনিক কাঠামো:

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯-এর ধারা ৪১ ও ৪২ অনুযায়ী ডিএনসিসি তার সীমানার মধ্যে জনস্বাস্থ্য, বর্জ্য ব্যবস্থাপনা, রাস্তাঘাট নির্মাণ, সড়কবাতি রক্ষণাবেক্ষণ এবং নগর পরিকল্পনা সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে। আইন অনুযায়ী নিজস্ব তহবিল গঠন, বাজেট প্রণয়ন এবং কর আরোপের মাধ্যমে এই প্রতিষ্ঠানটি একটি স্বায়ত্তশাসিত ইউনিট হিসেবে কার্যক্রম পরিচালনা করে।

২. বর্তমান অর্জিত সাফল্য ও কারিগরি উন্নয়ন:

আইনগত বাধ্যবাধকতা মেনে ডিএনসিসি তার সেবা প্রদান প্রক্রিয়াকে অধিকতর স্বচ্ছ করেছে। হোল্ডিং ট্যাক্স এবং ট্রেড লাইসেন্স ব্যবস্থাপনা বর্তমানে সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী ২২ ডিজিটের নথি নম্বর প্রবর্তন এবং ডি-নথি সিস্টেমের মাধ্যমে ফাইল নিষ্পত্তির হার বৃদ্ধি করা হয়েছে। এর ফলে নাগরিক সেবা প্রাপ্তিতে সময় ও ব্যয় হাস পেয়েছে।

৩. প্রধান চ্যালেঞ্জসমূহ:

একটি ঘনবসতিপূর্ণ মেগাসিটির ব্যবস্থাপনায় ডিএনসিসি নিম্নলিখিত চ্যালেঞ্জসমূহ নিয়মিতভাবে মোকাবিলা করছে:

- **জনবলের তীব্র ঘাটতি:** ডিএনসিসি-র বর্তমান চ্যালেঞ্জগুলোর মধ্যে অন্যতম হলো পর্যাপ্ত কারিগরি ও প্রশাসনিক জনবলের অভাব। ফলে অনেক সময় সেবা প্রদান ও তদারকি কার্যক্রমে অতিরিক্ত চাপ সৃষ্টি হয়।
- **বর্জ্য অপসারণ ও ল্যান্ডফিলের সীমাবদ্ধতা:** আইনের তৃতীয় তফসিলে বর্ণিত বর্জ্য অপসারণের দায়িত্ব পালনে ল্যান্ডফিলের সীমাবদ্ধতা একটি বড় চ্যালেঞ্জ। বিশেষ করে জনবহুল এলাকায় সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন (STS) নির্মাণের জন্য উপযুক্ত ভূমির অভাব রয়েছে।
- **জলাবদ্ধতা ও পানি নিষ্কাশন:** খালের ওপর অবৈধ দখল এবং ডেনেজ নেটওয়ার্কের সীমাবদ্ধতার কারণে বর্ষা মৌসুমে দূত পানি নিষ্কাশন নিশ্চিত করা কষ্টসাধ্য হয়ে পড়ে।
- **পরিবেশ ও জনস্বাস্থ্য:** মহানগরী এলাকায় ক্রমবর্ধমান বায়ু দূষণ ও শব্দ দূষণ নিয়ন্ত্রণ এবং ঘনবসতিপূর্ণ এলাকায় মশক নিধন কার্যক্রম পরিচালনা করা।
- **অবকাঠামো রক্ষণাবেক্ষণ:** পুরাতন ডেনেজ ব্যবস্থা ও সরু রাস্তাগুলোর আধুনিকায়ন এবং পথচারীদের জন্য নিরবচ্ছিন্ন ফুটপাথ নিশ্চিতকরণ।

কৌশলগত পরিকল্পনা ও ভবিষ্যৎ কর্মপন্থা (২০২৬-২৭):

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯-এর আলোকে আগামী অর্থবছরে ডিএনসিসি নিম্নলিখিত কার্যক্রমসমূহকে অগ্রাধিকার দিয়ে পরিকল্পনা গ্রহণ করেছে:

- **আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা:** আইনের চতুর্থ তফসিলে বর্ণিত পরিচ্ছন্নতা কার্যক্রমের অংশ হিসেবে 'Waste to Energy' প্রকল্পের মাধ্যমে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে ৫টি নতুন আধুনিক STS নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- **জলাবদ্ধতা নিরসন ও খালের উন্নয়ন:** খালের পাড়ে পড়ে থাকা বর্জ্য অপসারণ এবং খালের গভীরতা বৃদ্ধির মাধ্যমে জলাবদ্ধতা নিরসনে ১৭টি খাল পূর্ণাঙ্গ পরিষ্কার করার পরিকল্পনা রয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে প্রায় ২০০ কি.মি. গভীর ডেন পরিষ্কারের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- **ভৌত অবকাঠামো ও যোগাযোগ:** জননিরাপত্তা ও সহজ যোগাযোগের লক্ষ্যে আগামী অর্থবছরে ১৪৫ কি.মি. রাস্তা নির্মাণ/মেরামতের পরিকল্পনা রয়েছে। এক্ষেত্রে দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করতে বিসিসি (BCC) এর পরিবর্তে আরসিসি (RCC) রাস্তা নির্মাণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।
- **নগর সবুজায়ন ও পার্ক উন্নয়ন:** আইনের তফসিলে বর্ণিত বিনোদন ও পার্ক রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালনে আগামী অর্থবছরে ৫০০০০ বৃক্ষরোপণ এবং নতুন পার্ক ও খেলার মাঠ সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে।

- **সড়কবাতি ও নিরাপত্তা:** ডিএনসিসি এলাকায় ৬০০০টি নতুন স্মার্ট এলইডি সড়কবাতি স্থাপনের মাধ্যমে রাতের বেলা নাগরিক নিরাপত্তা নিশ্চিত করার পরিকল্পনা রয়েছে।
- **জনস্বাস্থ্য ও নাগরিক সুবিধা:** মশক নিধনে আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি এবং ৩টি নতুন পাবলিক টয়লেট ও আধুনিক কসাইখানা নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

৫. উপসংহার:

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯-এর মূল চেতনা বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। স্বচ্ছতা, জবাবদিহিতা এবং আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে পিপিআর-২০২৫ অনুসরণপূর্বক সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হবে। ডিএনসিসি-র এই সামগ্রিক কার্যক্রম একটি পরিকল্পিত এবং বাসযোগ্য নগরী গড়তে সহায়ক ভূমিকা পালন করবে।

সংযোজনীসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	DNCC	Dhaka North City Corporation
২	ডিএনসিসি	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৩	QRT	Quick Response Team
৪	কি.মি.	কিলোমিটার
৫	মি.	মিটার
৬	এসটিএস	সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন
৭	আরসিসি	Reinforced Cement Concrete

সংযোজনী ২ : বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)

ক্রমিক	পরিকল্পনা	বছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১	মশক নিধন কার্যক্রম	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ১০টি অঞ্চলের ৫৪টি ওয়ার্ডের সর্বত্র আধুনিক লার্ভিসাইডিং করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ডোনের সাহায্যে খালের মশার উৎপত্তিস্থল ধ্বংস ও ১০০% ফগিং করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে আইডিএম অ্যাপের মাধ্যমে ৫৪টি ওয়ার্ডেই ১০০% সাফল্য আনা হবে।
২	লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ৫,০০০ জন মৃত ব্যক্তির জন্য লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা দেওয়া হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ৫,২০০ জন নাগরিককে লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা দেওয়া হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ২৪/৭ হটলাইনের মাধ্যমে ৫,৫০০ জন নাগরিকের লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা প্রদান করা হবে।
৩	কমিউনিটি সেন্টার সংক্রান্ত সেবা	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ৫০০টি সামাজিক অনুষ্ঠান সম্পন্ন করার সেবা দেওয়া হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে নাগরিকদের সাশ্রয়ী মূল্যে ৫৫০টি অনুষ্ঠান সম্পন্ন করার লজিস্টিক সেবা দেওয়া হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ডিএনসিসি আওতাধীন সকল সচল কমিউনিটি সেন্টারে মোট ৬০০টি অনুষ্ঠানের উন্নত সেবা নিশ্চিত করা হবে।
৪	হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ৬৮০ কোটি টাকা আদায় হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে ৭৪০ কোটি টাকা রাজস্ব কর আদায় নিশ্চিত হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে কর ফাঁকি রোধ ও অটোমেশনে মোট ৮০০ কোটি টাকা আদায় সম্পন্ন হবে।
৫	হোল্ডিং ডাটাবেজ হালনাগাদ ও নতুন হোল্ডিং অন্তর্ভুক্তি	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে জিআইএস ও ডোন সার্ভেতে ১০,০০০টি নতুন হোল্ডিং যুক্ত করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ডাটাবেজ আপডেট করে আরও ১৫,০০০টি হোল্ডিং তালিকাভুক্ত হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে শতভাগ অটোমেশনে মোট ২৫,০০০টি নতুন হোল্ডিং কর জালে আসবে।
৬	ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন ফি আদায়	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ই-ট্রেড লাইসেন্স সিস্টেমের মাধ্যমে ১০৫ কোটি টাকা রাজস্ব আদায় করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে পরিদর্শন টিমের সক্রিয়তায় ১১০ কোটি টাকা রাজস্ব আয় নিশ্চিত করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে অনলাইন পেমেন্টে নতুন বাণিজ্যিক প্রতিষ্ঠানসহ ১১৫ কোটি টাকা আদায় করা হবে।
৭	সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণ	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সেবার মান বাড়াতে প্রথম ধাপে ৫০ জন শূন্য পদে নিয়োগ দেওয়া হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ছাড়পত্র সাপেক্ষে ৭৫ জন যোগ্য জনবল নিয়োগ ও পদায়ন করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল সেক্টরে মোট ১০০ জনবল পূরণ হবে।
৮	QRT টিম গঠন	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে আপদকালীন সেবায় আধুনিক যন্ত্রপাতিসহ ২০টি QRT টিম গঠন হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে বর্জ্য ও নাগরিক দুর্যোগে ২০টি QRT টিম সার্বক্ষণিক সক্রিয় থাকবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ১৪টি অত্যন্ত শক্তিশালী মেগা কিউআরটি টিম পুনর্গঠন ও সচল রাখা হবে।
৯	পরিচ্ছন্নতা কর্মীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণ	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে পাইলট প্রজেক্ট হিসেবে ১০টি ওয়ার্ডে বায়োমেট্রিক হাজিরা চালু হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ১৫টি ওয়ার্ডে বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে উপস্থিতি শতভাগ নিশ্চিত করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে মোট ২০টি ওয়ার্ডের পরিচ্ছন্নতা বিভাগকে বায়োমেট্রিক ট্র্যাকিং-এ আনা হবে।

ক্রমিক	পরিকল্পনা	বছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১০	কর্মকর্তা/কর্মচারীদের বেসিক কম্পিউটার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ১০০ জন কর্মীকে বেসিক কম্পিউটার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে নতুন আরও ১২০ জনকে বেসিক কম্পিউটার ও অফিস সফটওয়্যারে দক্ষ করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ১৫০ জনকে অ্যাডভান্সড দাপ্তরিক অ্যাপ্লিকেশনে প্রশিক্ষণ দেওয়া হবে।
১১	সাইবার সিকিউরিটি, AI ও ডিজিটাল নথি প্রশিক্ষণ/কর্মশালা	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ১০০ জনকে সাইবার হুমকি ও মৌলিক এআই সচেতনতা কর্মশালা করানো হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ১২০ জনকে উন্নত ডেটা প্রটেকশন ও এআই টুল ব্যবহারের কৌশল শেখানো হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে আরও ১৫০ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে এডভান্সড এআই টুলস ও সাইবার সিকিউরিটি সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা হবে।
১২	লিগ্যাল নোটিশ/ মামলা নিষ্পত্তি	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে বিচারাধীন মামলার মধ্য থেকে ২০০টি মামলা দ্রুত নিষ্পত্তি করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে আইন বিভাগের সক্রিয়তায় ২৫০টি মামলা ও লিগ্যাল নোটিশ শেষ করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে সংস্থার সম্পদ রক্ষায় ৩০০টি গুরুত্বপূর্ণ মামলার চূড়ান্ত নিষ্পত্তি করা হবে।
১৩	আইনগত মতামত প্রদান	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে চুক্তি ও টেন্ডার সংক্রান্ত ৩০০টি নথিতে আইনগত মতামত/ভেটিং দেওয়া হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে দৈনন্দিন দাপ্তরিক ও উন্নয়ন কাজের ৩৫০টি ফাইলে মতামত/ভেটিং দেওয়া হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে সংস্থাকে আইনি সুরক্ষায় ৪০০টি ফাইলের আইনি মতামত/ভেটিং সম্পন্ন করা হবে।
১৪	ডিজিটাল কেস ম্যানেজমেন্ট বাস্তবায়ন	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ডিজিটাল কেস ম্যানেজমেন্ট সফটওয়্যারে ২০০টি মামলা অন্তর্ভুক্ত হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ডিজিটাল কেস ম্যানেজমেন্ট সফটওয়্যারে ২৫০টি মামলা অন্তর্ভুক্ত হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে আইন বিভাগের সম্পূর্ণ ডিজিটালাইজেশনে ৩০০টি মামলার প্রোফাইল যুক্ত হবে।
১৫	রাস্তা নির্মাণ/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন ওয়ার্ডে ১৪৫ কি.মি. সড়ক আরসিসি ও বিটুমিনাস পদ্ধতিতে সংস্কার হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে প্রধান সংযোগ সড়কসমূহের ১৬০ কি.মি. অংশ পুনর্নির্মাণ ও মেরামত করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ১৭৫ কি.মি. অভ্যন্তরীণ সড়ক পিচ ঢালাই ও চলাচলের উপযোগী রাখা হবে।
১৬	ড্রেন নির্মাণ/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে জলাবদ্ধতা দূরীকরণে ৮০ কি.মি. আরসিসি সারফেস ও ভূগর্ভস্থ ড্রেন নির্মিত হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে সম্প্রসারিত অঞ্চলের ৯০ কি.মি. ড্রেন নতুন করে নেটওয়ার্কে যুক্ত হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ১০০ কি.মি. ড্রেনের ধারণক্ষমতা বাড়িয়ে জল নিষ্কাশন সম্পন্ন করা হবে।
১৭	ফুটপাথ নির্মাণ/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধী-বান্ধব র‍্যাম্পসহ ১৮ কি.মি. ফুটপাথ টেকটাইল টাইলসে সাজানো হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে নগরীর প্রধান সড়কের পাশে ২০ কি.মি. নতুন ফুটপাথ দখলমুক্ত ও সংস্কার হবে।	তৃতীয় বছরে শেষে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ২২ কি.মি. পথচারী-বান্ধব দৃষ্টিনন্দন ফুটপাথ আধুনিকায়ন করা হবে।
১৮	কবরস্থান নির্মাণ/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে মিরপুর/ উত্তরাস্থ কবরস্থানের বাউন্ডারি ওয়াল ও ওয়াকওয়ে সংস্কার করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে আরও ১টি কবরস্থানের মাটি ভরাট ও পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ১টি কবরস্থানের আধুনিক সুযোগ-সুবিধা ও ধারণক্ষমতা বৃদ্ধি করা হবে।

ক্রমিক	পরিকল্পনা	বছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১৯	শ্মশানঘাট নির্মান/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ১টি শ্মশানঘাটের সংস্কার করা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে পরিবেশবান্ধব উপায়ে ১টি শ্মশানঘাটের বিশ্রামাগার পুনর্নির্মাণ করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে সনাতন ধর্মাবলম্বীদের সুবিধার জন্য ১টি শ্মশানঘাটের মূল অবকাঠামো আধুনিকায়ন হবে।
২০	সড়কবাতি স্থাপন/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ৬,০০০টি শক্তি-সাশ্রয়ী স্মার্ট এলইডি পোল ও সড়কবাতি স্থাপন/মেরামত হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ৪,০০০টি জ্বালানি বান্ধব এলইডি বাতি স্থাপন/মেরামত করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ৪,০০০টি আধুনিক এলইডি বাতি অটোমেশনের আওতায় এনে স্থাপন/মেরামত করা হবে।
২১	পাবলিক টয়লেট নির্মান/মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে পথচারী ও নারীদের সুবিধায় ৩টি লিঙ্গ-সমতাভিত্তিক আধুনিক টয়লেট নির্মাণ/মেরামত হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে জনবহুল ও বাণিজ্যিক এলাকায় ৪টি প্রতিবন্ধী-বান্ধব টয়লেট নির্মাণ/সংস্কার হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ৪টি পাবলিক টয়লেট নির্মাণ / রক্ষণাবেক্ষণ হবে।
২২	পার্ক নির্মাণ/ মেরামত	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ২টি প্রধান পার্কের লেক সংস্কার, ওয়াকওয়ে ও রাইড স্থাপন সম্পন্ন হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে আরও ২টি কমিউনিটি পার্কের ল্যান্ডস্কেপিং ও সবুজায়ন নিশ্চিত করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ২টি পার্কের আধুনিকায়ন ও শারীরিক ব্যায়াম জোন তৈরি করা হবে।
২৩	বৃক্ষরোপণ	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে তাপদাহ হ্রাসে বিভিন্ন সড়ক ও মিডিয়ানে ৫০,০০০টি গাছ রোপণ ও খাঁচা দেওয়া হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ৫৫,০০০টি ফলজ ও ঔষধি গাছের চারা রোপণ ও পরিচর্যা করা হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে সকল অঞ্চলে একযোগে ৬০,০০০টি নতুন বৃক্ষ রোপণ নিশ্চিত করা হবে।
২৪	রোড সুইপারের মাধ্যমে মিডিয়ান পরিষ্কার	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে যান্ত্রিক রোড সুইপার গাড়ির সাহায্যে ৪০ কি.মি. মিডিয়ান পরিষ্কার রাখা হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে রোড সুইপারের কভারেজ বাড়িয়ে ৫৫ কি.মি. সড়ক নিয়মিত সুইপিং হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে রুট শিডিউল অনুযায়ী ৭০ কি.মি. সড়ক ধুলোবালিমুক্ত ও স্বয়ংক্রিয় পরিষ্কার হবে।
২৫	পরিবেশ শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ৪৫টি শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশ রক্ষা সংক্রান্ত সচেতনতামূলক সেশন অনুষ্ঠিত হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে ৬০টি স্কুলে পরিবেশ রক্ষা সংক্রান্ত সচেতনতামূলক সেশন হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ৭০টি স্কুলে পরিবেশ রক্ষা সংক্রান্ত সচেতনতামূলক সেশন ও আলোচনা সভা হবে।
২৬	গভীর ডেন পরিষ্কার কার্যক্রম	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সাকার মেশিনের মাধ্যমে ২০০ কি.মি. গভীর ডেন ও কালভার্ট পরিষ্কার হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে প্রধান প্রধান সড়কের ২৫০ কি.মি. গভীর ডেনের স্লাজ অপসারণ হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে বছরব্যাপী ক্র্যাশ প্রোগ্রামে ২৮০ কি.মি. ভূগর্ভস্থ লাইন সচল রাখা হবে।
২৭	খালের পাড়ের বর্জ্য ও ভাসমান আবর্জনা স্লাজ অপসারণ	প্রথম বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ১৭টি খালের ভাসমান বর্জ্য ও কচুরিপানা এক্সকাভেটর দিয়ে পরিষ্কার হবে।	দ্বিতীয় বছরে ধারাবাহিকতা বজায় রেখে পানি প্রবাহ সচল করতে ২৭টি খাল পরিষ্কার হবে।	তৃতীয় বছরে চূড়ান্ত লক্ষ্য অর্জনের নিমিত্তে ডিএনসিসি-র ৩৫টি খালের তলদেশের কাদা ও স্লাজ যান্ত্রিকভাবে পরিষ্কার থাকবে।

সংযোজনী ৩ : কর্মসম্পাদনের প্রমাণক


ক্রমিক	ফলাফল নির্দেশক কার্যক্রম	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
১	২	৩
১	মশক নিধন কার্যক্রম	স্বাস্থ্য বিভাগের ওয়ার্ডভিত্তিক স্প্রে/ফগিং রেজিস্টার স্থিরচিত্র।
২	লাশ দাফন ও দাহ সংক্রান্ত সেবা	সমাজকল্যাণ বিভাগের রেজিস্টার বুক এর কপি।
৩	কমিউনিটি সেন্টার সংক্রান্ত সেবা	সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত কমিউনিটি সেন্টার বুকিং রেজিস্টার।
৪	হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার	রাজস্ব বিভাগের মাসিক/বার্ষিক আদায় প্রতিবেদন / ব্যাংক স্টেটমেন্ট।
৫	হোল্ডিং ডাটাবেজ হালনাগাদ ও নতুন হোল্ডিং অন্তর্ভুক্তি	রাজস্ব বিভাগের ডাটাবেজ এন্ট্রি রিপোর্ট ও জিআইএস (GIS) সার্ভে কপি।
৬	ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন ফি আদায়	রাজস্ব বিভাগের ই-ট্রেড লাইসেন্স সিস্টেম জেনারেটেড রিপোর্ট।
৭	সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণ	সংস্থাপন বিভাগের নিয়োগ বিজ্ঞপ্তি, অফিস আদেশ ও যোগদান পত্র।
৮	QRT টিম গঠন	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ হতে প্রাপ্ত গঠিত QRT টিমের তালিকা ও কার্যক্রম প্রতিবেদন এবং স্থিরচিত্র।
৯	পরিচ্ছন্নতা কর্মীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণ	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের বায়োমেট্রিক সিস্টেমের ড্যাশবোর্ড/অ্যাটেনডেন্স রিপোর্ট ও স্থিরচিত্র।
১০	কর্মকর্তা/কর্মচারীদের বেসিক কম্পিউটার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।	আইসিটি সেল/সংশ্লিষ্ট শাখার প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন ও হাজিরা শিট।
১১	সাইবার সিকিউরিটি, AI ও ডিজিটাল নথি প্রশিক্ষণ/কর্মশালা	আইসিটি সেলের প্রশিক্ষণ/কর্মশালা সম্পন্ন হওয়ার প্রতিবেদন ও অংশগ্রহণকারীদের তালিকা/ হাজিরা শিট।
১২	লিগ্যাল নোটিশ/ মামলা নিষ্পত্তি	আইন বিভাগের মামলার রায় বা নিষ্পত্তি সংক্রান্ত নথির কপি।
১৩	আইনগত মতামত প্রদান	আইন বিভাগ কর্তৃক রক্ষিত আইনগত মতামত/ভেটিং রেজিস্টার।
১৪	ডিজিটাল কেস ম্যানেজমেন্ট বাস্তবায়ন	ডিজিটাল কেস ম্যানেজমেন্ট সিস্টেমের ড্যাশবোর্ড/সফটওয়্যার জেনারেটেড রিপোর্ট।
১৫	রাস্তা নির্মান/মেরামত	প্রকৌশল বিভাগের কারিগরি সমাপ্তি প্রতিবেদন, চূড়ান্ত বিলের কপি এবং স্থিরচিত্র।
১৬	ড্রেন নির্মান/মেরামত	প্রকৌশল বিভাগের কারিগরি প্রতিবেদন, পরিমাপ বই (MB) ও কাজের স্থিরচিত্র।
১৭	ফুটপাথ নির্মান/মেরামত	প্রকৌশল বিভাগের সমাপ্তি প্রতিবেদন ও চূড়ান্ত বিলের কপি এবং কাজের স্থিরচিত্র।
১৮	কবরস্থান নির্মান/মেরামত	সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদন এবং স্থিরচিত্র।
১৯	শ্মশানঘাট নির্মান/মেরামত	সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদন এবং স্থিরচিত্র।
২০	সড়কবাতি স্থাপন/মেরামত	বিদ্যুৎ বিভাগের মালামাল গ্রহণ রেজিস্টার, বিলের কপি, সড়কবাতি স্থাপন প্রতিবেদন এবং কাজের স্থিরচিত্র।
২১	পাবলিক টয়লেট নির্মান/মেরামত	প্রকৌশল বিভাগের প্রতিবেদন ও বিলের কপি এবং কাজের স্থিরচিত্র।
২২	পার্ক নির্মান/ মেরামত	প্রকৌশল বিভাগের প্রতিবেদন ও বিলের কপি এবং কাজের স্থিরচিত্র।
২৩	বৃক্ষরোপন	পরিবেশ সার্কেল হতে প্রাপ্ত প্রতিবেদন ও বিলের কপি এবং কাজের স্থিরচিত্র।
২৪	রোড সুইপারের মাধ্যমে মিডিয়ান পরিষ্কার	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের যান্ত্রিক সুইপার গাড়ির লগবুক, কার্যক্রম প্রতিবেদন এবং স্থিরচিত্র।
২৫	পরিবেশ শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম	সংশ্লিষ্ট শিক্ষা কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র ও সেশন রিপোর্ট/ছবি।
২৬	গভীর ড্রেন পরিষ্কার কার্যক্রম	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সাকার মেশিন লগবুক ও কাজের বাস্তব ছবি।
২৭	খালের পাড়ের বর্জ্য ও ভাসমান আবর্জনা ব্লাজ অপসারণ	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের এক্সকাভেটর কাজের লগবুক ও আবর্জনা অপসারণ প্রতিবেদন

সংযোজনী ৪ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

ক্রমিক	ফলাফল নির্দেশক কার্যক্রম	যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল	সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল
১	সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণ	১) স্থানীয় সরকার বিভাগ; ২) জনপ্রসাসন মন্ত্রণালয়; ৩) অর্থ মন্ত্রণালয়;	সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ।
২	পরিবেশ শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম	স্থানীয় স্কুল, কলেজ, মাদ্রাসা	সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও সভা আহ্বান।
৩	সড়কবাতি স্থাপন/মেরামত	১) ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (DPDC); ২) ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (DESCO);	সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও সভা আহ্বান।

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসক এর প্রতিনিধি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মহোদয়, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে স্থানীয় সরকার বিভাগের সচিব এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

সচিব
স্থানীয় সরকার বিভাগ


 মুহাম্মদ আসাদজ্জামান
 প্রধান নির্বাহী কর্মকর্তা (অ: দা:)
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
 ফোন: +৮৮ ০২-৪৮৮১১৩৩৩
 ইমেইল: ceo@dncc.gov.bd